

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন শাখা-১

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.১৪.০১১.২০১৬-২৭২

তারিখঃ ০৬ মার্চ, ২০১৭ খ্রিঃ।

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

স্থানীয় সরকার বিভাগ

৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে স্থানীয় সরকার বিভাগের অধীন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন “ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন ৫টি অঞ্চলের প্রধানত ক্ষতিগ্রস্ত সি.সি.সড়ক, নর্দমা ও ফুটপাথ উন্নয়ন” শীর্ষক প্রকল্পের অনুকূলে জিওবি খাতে বরাদ্দকৃত অর্থের ৪র্থ কিস্তির অর্থ অবমুক্তি প্রসংগে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ১৬ আগস্ট, ২০১৬ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১৪.০১১.২০১৬-৮৩৬ নম্বর সরকারী আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী অর্থ বিভাগের ০৫/০৩/২০১৭ তারিখের ০৭.১১১.০১৪.০১.০৫.০২৫.২০১৬-৮৭ নং স্মারকে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে জিওবি খাতের বরাদ্দ হইতে নিম্নরূপ অর্থ বরাদ্দের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করিতেছিঃ

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত পিসিপি অনুমোদিত/অনুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ (লক্ষ টাকায়)	মূলধন খাতের অর্থ (লক্ষ টাকায়)	মোট অবমুক্ত অর্থ (লক্ষ টাকায়)
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কোড নং-৫-৩৭- ৩৭০৫-৫০০৬- XXXX	“ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন ৫টি অঞ্চলের প্রধানত ক্ষতিগ্রস্ত সি.সি.সড়ক, নর্দমা ও ফুটপাথ উন্নয়ন” প্রকল্প কোড নং-৫-৩৭-৩৭০৫- ৫০০৬-XXXX	অনুমোদিত	৪র্থ কিস্তি	০০.০০	১০০০.০০	১০০০.০০

১। এই অর্থ খরচে নিম্নোক্ত শর্ত প্রতীপালন করতে হবেঃ

- (১) পরবর্তী অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণের পূর্বে ডিএসএল এর কিস্তি পরিশোধ করতে হবে অন্যথায় অর্থ ছাড় করা হবে না;
- (২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (৩) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (৪) অনুমোদিত ডিপির প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না;
- (৫) প্রকল্পটির অনুকূলে ছাড়কৃত অর্থ অনুমোদিত প্রকল্পের অনুমোদিত অঙ্গের সংস্থান অনুযায়ী ব্যয় করতে হবে;
- (৬) নিজস্ব অর্থায়নের অংশ যথাযথভাবে ছাড় করতে হবে এবং অর্থ বিভাগকে অবহিত করতে হবে।

২। এই ব্যয় বর্তমান অর্থ বৎসরের (২০১৬-২০১৭) বার্ষিক উন্নয়ন বাজেটে মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত নং-৫-৩৭-৩৭০৫-৫০০৬-XXXX প্রকল্প কোড হইতে বহন করা হইবে।

৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (তবে শুদ্ধ মূল্য সংযোজন কর এবং পুনর্ভরনযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিভূত)

৪। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করিতে হইবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হইবে না। পরবর্তী কিস্তির অর্থ প্রাপ্তির প্রস্তাবের সহিত প্রয়োজনীয় সকল ছকসহ ব্যাংক বিবরণী অবশ্যই প্রেরণ করিতে হইবে।

৫। বিধি-বিধান অনুসরণ পূর্বক মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করিবেন।



(মোঃ মাহমুদুল আলম)

উপসচিব

ফোনঃ ৯৫৭৩৬২৫

তারিখঃ ০৬ মার্চ, ২০১৭ খ্রিঃ।

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.১৪.০১১.২০১৬-২৭২/১(৮)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- (৩) অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- (৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- (৫) প্রকল্প পরিচালক, “ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন ৫টি অঞ্চলের প্রধানত ক্ষতিগ্রস্ত সি.সি.সড়ক, নর্দমা ও ফুটপাথ উন্নয়ন” শীর্ষক প্রকল্প, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- (৬) উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- (৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- (৮) সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।



(মোঃ মাহমুদুল আলম)

উপসচিব